

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date : 22-05-2026

**Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN**

Marathon/walkathon :

আকাশবাণীর ১০ বছর পূর্তি উপলক্ষে আজ আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে এক প্রতীকী ম্যারাথন বা ওয়াকাথনের আয়োজন করা হয়েছে। বন্দেমাতরম সঙ্গীতের পর সবুজ পতাকা নেড়ে ম্যারাথনের সূচনা করেন অলিম্পিয়ান জিমনাষ্ট পদ্মশ্রী দীপা কর্মকার, দ্রোনাচার্য বিশ্বেশ্বর নন্দী। এছাড়াও ছিলেন আকাশবাণী আগরতলার প্রধান জে বি চডুক পল্লী, সহ অন্যান্য আধিকারিক, কর্মকর্তা ও বিভিন্ন সংস্থার প্রতিনিধিরা। এদিনের প্রতিযোগিতায় প্রথম হয়েছেন তনয় ভৌমিক, দ্বিতীয় পলাশ দেবনাথ এবং তৃতীয় অর্চনা বনিক। তাঁদের হাতে পুরস্কার তুলে দেওয়া হয়। উল্লেখ্য, দীর্ঘ নয় দশকের গৌরবময় পথচলা, জনসেবামূলক সম্প্রচার এবং শ্রোতাদের সঙ্গে নিবিড় সম্পর্ককে স্মরণীয় করে তুলতেই এই উদ্যোগ নেওয়া হয়েছে।

Governor :

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু ত্রিপুরার চা শিল্পের উন্নয়নে কৃষি মহাবিদ্যালয়ে গবেষণাগার খোলার জন্য প্রস্তাব রেখেছেন। গতকাল লেম্বুছড়ায় কৃষি মহাবিদ্যালয়ে আন্তর্জাতিক চা দিবস উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে তিনি এই প্রস্তাব রাখেন। আন্তর্জাতিক চা দিবস উদযাপন প্রসঙ্গে তিনি বলেন, চা শিল্পের সঙ্গে যুক্ত সম্প্রদায়গুলিকে আজ সম্মান জানানোর দিন। এই বছরের ভাবনা হল

"চা বজায় রাখা, সম্প্রদায়গুলিকে সমর্থন করা" যা ত্রিপুরার জন্য আরো প্রাসঙ্গিক হতে পারে। রাজ্যপাল রাজ্যের চা শ্রমিক পরিবারগুলোর জন্য প্রধানমন্ত্রী আবাস যোজনায় ঘর, আয়ুষ্সন ভারত প্রভৃতি প্রকল্পের সুবিধা সম্প্রসারণ, চা শ্রমিক পরিবারের ছেলেমেয়েদের জন্য কস্তুরবা গান্ধী বিদ্যালয়, নবোদয় বিদ্যালয়, একলব্য আবাসিক স্কুলে সুযোগ করে দেওয়ার উপর গুরুত্ব দেন।

PM :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নয়াদিল্লিতে সাইপ্রাসের রাষ্ট্রপতি নিকোস ক্রিস্টোডুলিডেসের সাথে এক দ্বিপাক্ষিক বৈঠকে মিলিত হবেন। গতকাল সাইপ্রাসের রাষ্ট্রপতি ভারত সফরে এসেছেন। বিমানবন্দরে তাঁকে স্বাগত জানান কেন্দ্রীয় সড়ক পরিবহন ও মহাসড়ক মন্ত্রকের রাজ্যমন্ত্রী অজয় তামাক। উচ্চ পর্যায়ের এক প্রতিনিধি দল নিয়ে সাইপ্রাসের রাষ্ট্রপতি প্রথমবারের মত ভারত সফরে এসেছেন। পরে তিনি মুম্বাইও পরিদর্শন করবেন।

CM-Passing Out Parade :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, আইন শৃঙ্খলা রক্ষায় সরকার রাজ্যের আরক্ষা বাহিনীকে সম্পূর্ণ স্বাধীনভাবে কাজ করার অধিকার দিয়েছে। গতকাল নরসিংগড়স্থিত কে.টি.ডি.এস. পুলিশ ট্রেনিং একাডেমি মাঠে ১১তম ও ১২তম ব্যাচে নিয়োগপ্রাপ্ত ৪৭৬ জন পুলিশ কনস্টেবলদের পাসিং আউট প্যারেড অনুষ্ঠানে তিনি একথা বলেন। তিনি বলেন, আরক্ষা বাহিনীকে আরও

দক্ষ করে তুলতে নানা বাস্তবভিত্তিক ও প্রযুক্তিগত প্রশিক্ষণ দেওয়া হয়েছে। সরকারের লক্ষ্য দক্ষ, সেবাপরায়ণ, মানবিক এক শক্তিশালী আরক্ষা বাহিনী গড়ে তোলা।

মুখ্যমন্ত্রী বলেন, গতকাল পাসিং আউট হওয়া কনস্টেবলদের ৪৭৬ জনের মধ্যে ৩১৮ জন মহিলা, যা রাজ্যের গর্বের বিষয়। তিনি আরো বলেন, রাজ্য সরকার আরক্ষা বাহিনীতে আরও ১,১৩৪ জন নিয়োগ করবে।

TJEE :

আজ দুপুর ২টা ৩০ মিনিটে ত্রিপুরা জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষার ফল প্রকাশ করা হবে। ত্রিপুরা বোর্ড অফ জয়েন্ট এন্ট্রান্স এগজামিনেশন এর পক্ষ থেকে জানানো হয়েছে, পরীক্ষার্থীরা tbjee.tripura.gov.in বোর্ডের এই অফিসিয়াল ওয়েবসাইটে গিয়ে তাদের কমন মেরিট পজিশন দেখতে পারবে। বিস্তারিত ফলাফল দেখার জন্য পরীক্ষার্থীদের তাদের নিজ নিজ একাউন্টে রেজিস্ট্রেশন আইডি এবং পাসওয়ার্ড ব্যবহার করে লগইন করতে হবে।

EAST BENGAL :

ইন্ডিয়ান সুপার লিগ অর্থাৎ ISL -এ প্রথমবারের মতো চ্যাম্পিয়নের খেতাব পেলো কলকাতার বড় দল ইস্টবেঙ্গল ফুটবল ক্লাব। গতকাল কলকাতার কিশোর ভারতী ক্রীড়াঙ্গনে লিগের শেষ ম্যাচে ইস্টবেঙ্গল ২-১ গোলে ইন্টার

কাশী দলকে হারিয়ে দেয়। এর ফলে ১৩ ম্যাচে ২৬ পয়েন্ট নিয়ে গোল পার্থক্যে এগিয়ে থাকায় ইস্টবেঙ্গল খেতাব নিশ্চিত করে। আসরে ১৩ ম্যাচে ২৬ পয়েন্ট পেলেও মোহনবাগান সুপার জায়ান্ট গোল পার্থক্যে পিছিয়ে থাকায় রানার্স হয়।

Maan Ki Baat :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৩১শে মে, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে ‘মন-কি-বাত’-এর ১৩৪তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের স্মৃতিস্তিত চিন্তাভাবনা ‘মন-কি-বাত’-এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum-এ এবং Narendra Modi App-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. ১৮০০-১১-৭৮০০ নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে। তাছাড়া ১৯২২ নম্বরে মিসড কল দিয়ে যে লিঙ্ক পাওয়া যাবে তাতেও মতামত জানানো যাবে। ফোনলাইন এমাসের ২৯ তারিখ পর্যন্ত খোলা থাকবে।

WEATHER :

আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে, আকাশ প্রধানত মেঘলা থাকবে। আজ বজ্রবিদ্যুত সহ রাজ্যের কিছু এলাকায় হালকা বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে।

দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৫ ডিগ্রী সেলসিয়াস ও সর্বনিম্ন ২৬ ডিগ্রী সেলসিয়াসের
কাছাকাছি থাকবে | আজ ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬.৪ ডিগ্রী সেলসিয়াস
| ভোর সাড়ে পাঁচটা পর্যন্ত বৃষ্টিপাতের পরিমাণ ৫.৮ মিলিমিটার |
